

বড় সাফল্য অর্জনের জন্যে সাময়িক আনন্দ ত্যাগ করুন

ভারতে বানর শিকারের জন্যে রয়েছে ভিন্ন একটি পন্থা। একটি বাক্স ফাঁদ পেতে রাখা হয়, যার একপাশ খোলা এবং বানরের হাত ঢোকানোর জন্যে যথেষ্ট বড়। এর ভেতর রাখা হয় বাদাম। যথারীতি বাদামের লোভে বানর আসে এবং বাক্সে হাত ঢোকায়। হাত মুঠ করে ইচ্ছেমত বাদাম নেয়। কিন্তু এবার মুষ্টিবদ্ধ হাত বের করে আনতে পারে না। কারণ বাক্সের সেই উন্মুক্ত অংশটি খালি হাতের জন্যে যথেষ্ট বড় হলেও মুষ্টিবদ্ধ হাতের জন্যে নিতান্তই ছোট। অগত্যা বানরের কাছে থাকে মাত্র দুটি উপায়। হয় বাদাম ফেলে হাত বের করে এনে চিরকালের জন্যে মুক্ত হয়ে যাওয়া অথবা বাদাম খাওয়ার লোভে শিকারীর কাছে আত্মসমর্পণ করা।



এক্ষেত্রে বানর প্রতিবার কী করে, জানেন? সে বাদাম নেয় এবং ফাঁদে আটকা পড়ে।

আসলে আমরাও যে বানরের চেয়ে খুব ব্যতিক্রম তা কিন্তু নয়। আমরা সবাই ভালো কিছু করতে চাই। সফল হতে চাই। কিন্তু আমাদের অধিকাংশের কাছে এই চাওয়াটা শুধু চাওয়াতে সীমাবদ্ধ। আমরা চাই মাঝে মাঝে পড়ালেখা করব, টিভি-সিনেমা দেখব, আড্ডা দেবো, গান শুনব, গল্পের বই পড়ব। জীবনটাকে তো উপভোগ করতে হবে! তারপর যদি পরীক্ষায় এ প্লাস না পাই তাহলে পরে হয় হয়।

কিন্তু একজন প্রথম সারির শিক্ষার্থী কি এভাবে ভাবে? ভাবে না। তার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, পড়ালেখা এবং প্রথম হওয়া। এর জন্যে যা যা করা দরকার, যেভাবে করা দরকার এবং যা বর্জন করা দরকার, সে তা-ই করে।

এটা নিয়ে এক গল্প আছে। একদিন এক ভদ্রলোক বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়েছেন। সেখানে সবাই মিলে টিভিতে সিনেমা দেখছে। শুধু ঘরের ছোট মেয়েটি ছাড়া। সে টিভির ঘরে বসে অঙ্ক করছে।

তার সত্যিকারে পড়াতে মন আছে, নাকি সেও লুকিয়ে সিনেমা দেখছে—এটা বোঝার জন্যে ঐ ব্যক্তি তাকে জিজ্ঞাসা করলেন, বলো তো এই সিনেমার নায়িকা কে? মেয়েটি টিভির দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে বলল, এখানে তো অনেক মহিলাকে অভিনয় করতে দেখছি। কীভাবে বলব যে, কোনটি নায়িকা? এ উত্তর শুনেই তিনি বুঝলেন যে, মেয়েটি আসলে তার পড়ালেখাতে ডুবে আছে। পরবর্তীতে অবশ্য মেয়েটি তার এই গুণের জন্যে পেশাজীবনে খুব ভালো করেছে। কোনো কিছুই তাকে লক্ষ্য থেকে বিচ্যুত করে নাই।

তাই আপনিও ঠিক করুন, প্রয়োজনে কোনটি আপনি ত্যাগ করবেন?

এজন্যে মনকে বোঝাতে হবে যে, মন, এখন আমার জীবন গড়ার সময়। পড়ালেখা করা ছাড়া অন্য কিছু করার জন্যে সামনে অনেক সময় আছে। এখন যদি কষ্ট স্বীকার করি তাহলে আমার শেষ ভালো হবে। তখন এ কষ্ট শতগুণে আমার আনন্দের কারণ হবে।

এসাইনমেন্টঃ

১। ক) আমরা লক্ষ্য থেকে সরে যাই কেন? আমাদের সফল হওয়ার পথে ফাঁদগুলো কী কী?
খ) প্রতিদিনের ছোট ছোট কাজ ছোট ছোট অর্জনের মধ্য দিয়ে রচিত হয় বড় অর্জনের ভিত্তি।—
কথাটি গল্পের মেয়েটির ক্ষেত্রে কতটুকু প্রাসঙ্গিক আলোচনা কর।

২। ক) একজন প্রথম সারির শিক্ষার্থী হওয়ার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কী কী?
খ) আমরা চাই মাঝে মাঝে পড়ালেখা করব, টিভি-সিনেমা দেখব, আড্ডা দেবো, গান শুনব, গল্পের বই পড়ব।
আমরা জীবনকে উপভোগ করতে চাই আবার পরীক্ষায় এ প্লাসও পেতে চাই। আমাদের চাওয়াটা কেমন হলে আমরা ফাঁদে পড়ব না? ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর।

এসাইনমেন্ট আগামী ২৯-০৯-২০২০ মঙ্গলবারের মধ্যে samia.cosmo20@gmail.com এ মেইল করে দিবে।